গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মিজানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ২৯ অক্টোবর, ২০২৩, সময়: সকাল ১০.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, ২য় তলা হাজিরা : পরিশিষ্ট – ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহবান জানান । প্রকল্প কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বর্ণনা শেষে বিগত তিন মাসের অগ্রগতি এবং পরবর্তী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের সার্বিক অগ্রগতির সংক্ষিপ্ত বর্ণনা, বিগত তিন মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | ক) প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে।<br>খ) প্রকল্পের অধীনে Flood Preparedness Program (FPP) স্বেচ্ছাসেবক দল গঠন করা সম্ভব কিনা সে বিষয়টি বিবেচনায় রাখতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার। |
| ০২। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ডাটাবেজ | DMC ডাটাবেজে গাইবান্ধা, কুড়িগ্রাম ও জামালপুর জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য ইতোমধ্যে সন্নিবেশিত হয়েছে। DMC ডাটাবেজে প্রকল্প এলাকা ব্যাতীত বন্যা প্রবণ জেলার তথ্য সংগ্রহের জন্য পত্র প্রেরণ বিষয়ে আলোচনা হয় | ক) দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নিয়ে আগামী দুই সপ্তাহের মধ্যে কমিটি ভিত্তিক হোয়াটস অ্যাপ গ্রুপ খুলতে হবে।<br><br>খ) দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের তথ্য চেয়ে বাংলাদেশের যে সকল বন্যা প্রবণ জেলায় পূর্বে পত্র | রিজিওনাল কো-অর্ডিনেটর, ফিল্ড ফ্যাসিলিটেটর, প্রোগ্রাম ম্যানেজার, আইসিটি স্পেশালিস্ট, ও উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | প্রেরিত হয়েছে সেসকল জেলায় তাগিদপত্র প্রেরণ করতে হবে। | |
| ০৩। | ল্যান্ড গেজ স্থাপন | ল্যান্ড গেজ স্থাপনের উদ্দেশ্যে উপযুক্ত স্থান নির্বাচনের জন্য বিপদাপন্ন ইউনিয়নসমূহে পরিচালিত পরামর্শ সভার উপর ভিত্তি করে প্রস্তাবিত স্থানসমূহ হতে ৬০ টি স্থান নির্বাচন ও পরবর্তী বন্যা মৌসুমের পূর্বে স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | ক) আগামী ডিসেম্বর ২০২৩ এর মধ্যে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের প্রতিনিধি/ Technical advisory Committee এর সদস্যদের সাথে পরামর্শক্রমে ৬০টি উপযুক্ত স্থান নির্ধারণ করতে হবে।<br><br>খ) মার্চ-জুন ২০২৪ থেকে ল্যান্ড গেজ মাঠ পর্যায়ে স্থাপনের কাজ শুরু করতে হবে। তার পূর্বে গেজ স্থাপনের সকল প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন করতে হবে। | জিআইএস স্পেশালিস্ট প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, ও উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস) |
| ০৪। | ভূ-স্থানিক/ টপোগ্রাফিক জরিপ | বন্যার প্লাবন মানচিত্র প্রস্তুতের জন্য ঐ এলাকার ভূমিরূপ জানা প্রয়োজন। প্রকল্প সময়ের মধ্যে বন্যার আগাম পূর্বাভাস প্রচারের জন্য দ্রুততম সময়ের মধ্যে ভূমিরূপের তথ্য সংগ্রহের কাজ শেষ করার বিষয়ে আলোচনা হয়। | আগামী ২০২৪ এর শুষ্ক মৌসুমের মধ্যে টপোগ্রাফিক জরিপের কাজ সম্পন্ন করতে হবে। | হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০০১.২৩. ১১৭

তারিখ: ০৫-১১-২০২৩ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৪। অফিস কপি/গার্ড ফাইল।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)